

## ২০২১ বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

প্রথম পত্র : BNGH-CC-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

[A4 কাগজের দশ-বারো পাতার মধ্যে উত্তর লেখা আবশ্যিক।]

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) চর্যাপদের ভাষার একটি রূপতাত্ত্বিক ও একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য বলো।
- খ) 'বড়ু' কথাটির অর্থ কি? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ভণিতায় কবি নিজেকে কোন্ দেবীর উপাসকরূপে চিহ্নিত করেছেন?
- গ) 'আদিত্যবার শ্রীপঞ্চমী পুণ্য মাঘ মাস...'— পঙ্ক্তিটি কোথায় রয়েছে? 'আদিত্যবার' বলতে কী বোঝানো হয়েছে?
- ঘ) কোন্ বৈষ্ণব কবিকে 'কবি সার্বভৌম' বলা হয়? তিনি কোন্ ভাষায় কাব্য রচনা করেন?

- ঙ) 'ধর্ম-কর্ম লোকে সভে এইমাত্র জানে  
মঙ্গলচণ্ডীর গীত করে জাগরণে'।  
— কোন্ কাব্যে রয়েছে? কার লেখা?
- চ) 'গুজরাট নগরপত্তন' অংশ কোন্ মঙ্গলকাব্যে পাওয়া যায়? নিদয়ার পুত্রের নাম কী?
- ছ) ধর্ম পূজার প্রবর্তক কাকে বলা হয়? 'শূন্যপুরাণ'-এর আর কী কী নাম পাওয়া যায়?
- জ) 'আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা তারে বলি কাম।  
কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা ধরে প্রেম নামা'।  
— কার লেখা কোন্ গ্রন্থে রয়েছে?
- ঝ) 'সাধকরঞ্জন' নামক তন্ত্রসাধনা বিষয়ক গ্রন্থটির রচয়িতা কে? 'করলে দুঃখের ডিক্রীজারি'— কার লেখা কবিতার অংশ?
- ঞ) 'প্রেম বিনে ভাব নাহি, ভাব বিনে রস  
ত্রিভুবনে যত দেখ প্রেম হস্তে বশ।'  
— কার লেখা, কোন্ কাব্যের অংশ?
- ট) "আমি তাঁকে বলে এলুম, আত্মার বাণী বহন করে আপনি  
আমাদের মধ্যে বেরিয়ে আসবেন এই অপেক্ষায় থাকব।"  
— আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।
- ঠ) সুমেরীয় বাণমুখ লিপির অপর নাম বলো। ভারতবর্ষের  
প্রাচীনতম দুটি লিপিমাল্য কী কী?
- ড) আদি-মধ্য বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক  
বৈশিষ্ট্য লেখো।

ঢ) স্বরতন্ত্রীয় ধ্বনির অপর নাম কী? বিশুদ্ধ ওষ্ঠ্যধ্বনির উদাহরণ দাও।

ণ) উত্তর-পশ্চিমা প্রাকৃতের নিদর্শন কোথায় পাওয়া যায়? এর একটি বৈশিষ্ট্য লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$

ক) বাংলা সাহিত্যের ধারায় 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

খ) মঙ্গলকাব্যের লক্ষণ ও বৈশিষ্ট্যগুলি দেখাও।

গ) বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতিকে অন্তর্ভুক্ত করা হয় কেন সে বিষয়ে তোমার মতামত দাও।

ঘ) শান্ত পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্য কোথায় স্বতন্ত্র তা বুঝিয়ে দাও।

ঙ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

চ) ভাষার সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $১০ \times ২ = ২০$

ক) ভারতচন্দ্রের অনন্যদামঙ্গল কাব্যকে 'নূতন মঙ্গল' বলা কতটা যুক্তিযুক্ত সে বিষয়ে তোমার মতামত দাও।

খ) বাংলা সাহিত্য ও বাঙালি সমাজে চৈতন্যদেবের প্রভাব আলোচনা করো।

গ) প্রাচীন বাংলার সময়সীমা উল্লেখ করে এই পর্বের বাংলা ভাষার সাধারণ বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।

ঘ) বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশের ধারাটি লেখো।